Time Taken

00:00

Mark Gained

1.কোনটি সাধারণ অনুসর্গ নয়?

a. ক) জন্যে

b. খ) কাছে

c. গ) উপরে

d. ঘ) থেকে

Show Answer Show Explanation

Explanation: উত্তর: ঘ) থেকে ব্যাখ্যা: অনুসর্গকে দুই ভাগে ভাগ করা যায়: - সাধারণ অনুসর্গ ও - ক্রিয়াজাত অনুসর্গ। সাধারণ অনুসর্গ- যেসব অনুসর্গ ক্রিয়া ছাড়া অন্য শব্দ থেকে তৈরি হয়, সেগুলোকে সাধারণ অনুসর্গ বলা হয়। যেমন, উপরে- মাথার উপরে নীল আকাশ। কাছে- কার কাছে গেলে জানা যাবে? জন্যে- হারানো ঘড়িটার জন্যে অনেক কেঁদেছি। দ্বারা- এমন কাজ তোমার দ্বারা হবেনা। ক্রিয়াজাত অনুসর্গ- যেসব অনুসর্গ ক্রিয়াপদ থেকে তৈরি হয়েছে, সেগুলোকে ক্রিয়াজাত অনুসর্গ বলে। যেমন, করে- ভালো করে খেয়ে নাও। দিয়ে-মন দিয়ে লেখাপড়া করা দরকার। ধরে- বহুদিন ধরে অপেক্ষা করে আছি। থেকে-

2.কী হেতু এসেছ তুমি, কহ বিস্তারিয়া।' - 'হেতু' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করেছে?

a. ক) ন্যায়

b. খ) নিকট

c. গ) নিমিত্ত

d. ঘ) ক্ষণকাল

Show Answer Show Explanation

Explanation: উত্তর: গ) নিমিত্ত ব্যাখ্যা: 'কী হেতু এসেছ তুমি, কহ বিস্তারিয়া।' - 'হেতু' অনুসর্গটি 'নিমিত্ত' অর্থে ব্যবহৃত হয়েছে। 'বোকার মতো কাজ করো না।'- 'মতো' অনুসর্গটি 'ন্যায়' অর্থে ব্যবহৃত হয়েছে। আমার কাছে আর কে আসবে?- 'কাছে' অনুসর্গটি 'নিকট' অর্থে ব্যবহৃত হয়েছে। নিমেষ মাঝেই সব শেষ।- 'মাঝে' অনুসর্গটি 'ক্ষণকাল' অর্থে ব্যবহৃত হয়েছে। উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি।

3.লোক মুখে শুনেছি। - এখানে 'লোক মুখে' কোন কারকে কোন বিভক্তি?

a. ক) করণে ষষ্ঠী

b. খ) কর্মে ষষ্ঠী

c. গ) অপাদানে সপ্তমী

d. ঘ) কর্তৃকারকে সপ্তমী

Show Answer Show Explanation

Explanation: যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয় তাকেই অপাদান কারক বলে। যেমনঃ - লোক মুখে শুনেছি। - ছোট মুখে বড় কথা মানায় না। এখানে উভয় বাক্যেই 'মুখ' শব্দটি অপাদান কারক। আর সাথে 'এ' বিভক্তি। 'এ' হলো সপ্তমী বিভক্তি। উৎসঃ নবম-দশম শ্রেণীর বাংলা ব্যাকরণ বই

4.বসার সময় নেই, তাই যেতে হচ্ছে।'- বাক্যটিতে কোন ধরনের যোজক ব্যবহৃত হয়েছে?

a. সাধারণ যোজক

b. বিকল্প যোজক

c. কারণ যোজক

d. সাপেক্ষ যোজক

Show Answer Show Explanation

Explanation: কারণ যোজক: এ ধরনের যোজক বাক্যের দুটি অংশের মধ্যে সংযোগ ঘটায় যার একটি অন্যটির কারণ। যেমন-জিনিসের দাম বেড়েছে, কারণ চাহিদা বেশি । বসার সময় নেই, তাই যেতে হচ্ছে।

5.তবু' কোন ধরনের যোজক এর উদাহরণ?

a. সাপেক্ষ যোজক

b. কারণ যোজক

c. বিরোধ যোজক

d. বিকল্প যোজক

Show Answer Show Explanation

Explanation: যোজক: পদ, বর্গ বা বাক্যকে যেসব শব্দ যুক্ত করে, সেগুলোকে যোজক বলে। যেমন - এবং, ও, আর, অথবা, তবু, সুতরাং, কারণ, তবে ইত্যাদি। • বৈশিষ্ট্য অনুযায়ী যোজককে নিম্নলিখিত শ্রেণিতে ভাগ করা যায়: ১. সাধারন যোজক: নজরুল ও পাভেল এই কাজটি করেছে। ২. বিকল্প যোজক: লাল বা নীল শাড়িটা আনো। ৩. বিরোধ যোজক: তাকে আসতে বললাম, তবু এলো না । ৪. কারণ যোজক: বসার সময় নেই, তাই যেতে হচ্ছে। ৫. সাপেক্ষ যোজক: যদি রোদ ওঠে, তবে বাইরে যাব।

6.তাকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না' - বাক্যটিতে 'কোথাও' কোন ধরনের ক্রিয়াবিশেষণ?

a. কালবাচক

b. ধরনবাচক

c. স্থানবাচক

d. একপদী

Show Answer Show Explanation

Explanation: স্থানবাচক ক্রিয়াবিশেষণ: ক্রিয়ার স্থান নির্দেশ করে স্থানবাচক ক্রিয়াবিশেষণ। যেমন - মিছিলটি সামনে এগিয়ে যায়। তাকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না।

7.‘কি’, ‘যে’, ‘বা’, ‘তো’ প্রভৃতি কোন ধরনের ক্রিয়াবিশেষণ?

a. ধরনবাচক

b. কালবাচক

c. স্থানবাচক

d. পদাণু

Show Answer Show Explanation

Explanation: পদাণু ক্রিয়াবিশেষণ: বাক্যের মধ্যে বিশেষ কোনো ভূমিকা পালন না করলেও ‘কি’, ‘যে’, ‘বা’, ‘না’, ‘তো’ প্রভৃতি পদাণু ক্রিয়াবিশেষণ হিসেবে কাজ করে। যেমন - কি: আমি কি যাব? যে: খুব যে বলেছিলেন আসবেন! বা: কখনো বা দেখা হবে। না: একটু ঘুরে আসুন না, ভালো লাগবে। তো: মরি তো মরব।

8.সদা সত্য কথা বলবে। - এটি কী ধরনের বাক্য?

a. ক) অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য

b. খ) ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য

c. গ) কার্যকারণাত্মক বাক্য

d. ঘ) সংশয়সূচক বা সন্দেহদ্যোতক বাক্য

Show Answer Show Explanation

Explanation: যে বাক্যে আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ ইত্যাদি অর্থ প্রকাশিত হয়, তাকে অনুজ্ঞা বাক্য বলে। যেমন : - সদা সত্য কথা বলবে। - কাছে এসো। উৎস : বাংলা একাডেমির আধুনিক ব্যাকরণ।

9.কোনটি যৌগিক বাক্য?

a. ক) বিপদ এবং দুঃখ একসঙ্গে আসে।

b. খ) যারা পরিশ্রম করে, তারা জীবনে সফল হয়।

c. গ) তিনি ভাত খেয়ে ঘুমিয়ে পড়লেন।

d. ঘ) যদি তুমি যাও, তবে তার দেখা পাবে।

Show Answer Show Explanation

Explanation: গঠনগত দিক থেকে বাক্যকে তিন ভাগে ভাগ করা যায়। যেমন, - সরল বাক্য, - জটিল বাক্য, - যৌগিক বাক্য। যৌগিক বাক্য: দুই বা ততোধিক স্বাধীন বাক্য যখন যোজকের মাধ্যমে যুক্ত হয়ে একটি বাক্যে পরিণত হয় তাকে যৌগিক বাক্য বলে। যেমন- - রহমত রাতে রুটি খায় আর রহিমা খায় ভাত। - সে ঘর ঝাড়ু দিল, ঘর মুছল, তারপর পড়তে বসলো। - বিপদ এবং দুঃখ একসঙ্গে আসে। উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি।

10.দারুণ ! আমরা জিতে গেছি।'- এটি কোন ধরনের বাক্য?

a. অনুজ্ঞাবাচক বাক্য

b. আবেগবাচক বাক্য

c. বিবৃতিবাচক বাক্য

d. প্রশ্নবাচক বাক্য

Show Answer Show Explanation

Explanation: 'দারুণ ! আমরা জিতে গেছি।'- এটি আবেগবাচক বাক্য।

11.বৃষ্টি হলে বের হব না’- বাক্যটির জটিল রূপ কোনটি?

a. ক) বৃষ্টি হলে এর ফলে বের হব না।

b. খ) বৃষ্টি হলে, কিন্তু বের হব না।

c. গ) যদি বৃষ্টি হয়, তবে বের হব না।

d. ঘ) বৃষ্টি হলে, সেজন্যই বের হব না।

Show Answer Show Explanation

Explanation: বৃষ্টি হলে বের হব না'- বাক্যটির জটিল রূপ হলো: - জটিল বাক্য: যদি বৃষ্টি হয়, তবে বের হব না।

12.'বিচারটা অযৌক্তিক' কোন ধরনের বাক্য?

a. ক) অস্তিবাচক

b. খ) প্রশ্নবাচক

c. গ) নেতিবাচক

d. ঘ) অনুজ্ঞাবাচক

Show Answer Show Explanation

Explanation: অস্তিবাচক বাক্য/ হ্যাঁ বাচক বাক্য: যে বাক্যে সমর্থনের মাধ্যমে কোন কিছু বর্ণনা করা হয়, তাকে অস্তিবাচক বাক্য বা হ্যাঁ বাচক বলে। যে বাক্যে হ্যাঁ বাচক শব্দ থাকে, তাকে হ্যাঁ বাচক বা অস্তিবাচক বাক্য বলে। যেমন - তুমি কালকে আসবে। প্রশ্নে উল্লেখিত বাক্য 'বিচারটা অযৌক্তিক' - এটি অস্তিবাচক বাক্য। এর নেতিবাচক রূপ - বিচারটা যৌক্তিক নয়।

13.আগম' শব্দের বিপরীত শব্দ -

a. লোপ

b. নির্গমন

c. অন্ত্য

d. আলোক

Show Answer Show Explanation

Explanation: আগম' শব্দের বিপরীত শব্দ - লোপ। - অন্যান্য অপশন গুলো হলো- • অন্ধকার শব্দের বিপরীত শব্দ - আলোক। • আদ্য শব্দের বিপরীত শব্দ - অন্ত্য। • আগমন শব্দের বিপরীত শব্দ - নির্গমন।

14.চক্ষুষ্মান' শব্দের বিপরীত অর্থ -

a. ক্ষীয়মান

b. নিভন্ত

c. অন্ধ

d. স্বচ্ছ

Show Answer Show Explanation

Explanation: চক্ষুষ্মান' শব্দের বিপরীত অর্থ - অন্ধ।

15.গম্ভীর' বোঝাতে কোন বাগধারাটি ব্যবহৃত হয়?

a. তোলা হাঁড়ি

b. ত্রিশংকু অবস্থা

c. ঢেঁকে গোঁজা

d. টনক নড়া

Show Answer Show Explanation

Explanation: তোলা হাঁড়ি বাগধারাটির অর্থ - গম্ভীর। - অন্যান্য অপশন গুলো হলো - • ত্রিশংকু অবস্থা বাগধারাটির অর্থ - মধ্যাবস্থা। • ঢেঁকে গোঁজা বাগধারাটির অর্থ - আত্মসাৎ করা। • টনক নড়া বাগধারাটির অর্থ - সজাগ হওয়া।

16.ঈষৎ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

a. ক) তাদৃশ

b. খ) প্রীতি

c. গ) অনীপ্সিত

d. ঘ) অধিক

Show Answer Show Explanation

Explanation: ঈষৎ' শব্দের বিপরীতার্থক শব্দ হচ্ছে অধিক। • অন্যান্য অপশন: প্রদত্ত শব্দ - বিপরীত শব্দ ঈদৃশ - তাদৃশ। ঈর্ষা - প্রীতি। ঈপ্সিত - অনীপ্সিত।

17.'ঝানু' শব্দের বিপরীত শব্দ নয় কোনটি?

a. ক) অপটু

b. খ) অপক্ব

c. গ) ঝুনা

d. ঘ) কাঁচা

Show Answer Show Explanation

Explanation: উত্তর: গ) ঝুনা। ব্যাখ্যা: 'ঝানু' শব্দের বিপরীত শব্দ হচ্ছে অপটু, অপক্ব বা কাঁচা - অন্যদিকে ঝুনা শব্দের অর্থ হচ্ছে পাকা। উৎসঃ আধুনিক বাংলা অভিধান ও বাংলা ভাষা ও জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

18.পরোক্ষ উক্তিতে ক্রিয়ারূপের পরিবর্তন কী অনুসারে হয়?

a. ক) কর্ম

b. খ) কর্তা

c. গ) উদ্দেশ্য

d. ঘ) বিধেয়

Show Answer Show Explanation

Explanation: পরোক্ষ উক্তিতে কর্তা অনুযায়ী ক্রিয়ারূপের পরিবর্তন করতে হয়। যেমন - প্রত্যক্ষ উক্তি: লিপি বলল, "আমি এখনই বের হচ্ছি।" পরোক্ষ উক্তি: লিপি বলল যে, সে তখনই বের হচ্ছে। উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

19.কোন ধরনের বাক্যে যতিচিহ্ন যোজকের কাজ করে?

a. ক) সরল বাক্য

b. খ) যৌগিক বাক্য

c. গ) অনুজ্ঞাবাচক বাক্য

d. ঘ) আবেগবাচক বাক্য

Show Answer Show Explanation

Explanation: যৌগিক বাক্য: দুই বা ততধিক স্বাধীন বাক্য যখন যোজকের মাধ্যমে যুক্ত হয়ে একটি বাক্যে পরিণত হয়, তখন তাকে যৌগিক বাক্য বলে। - এবং, ও, আর, অথবা, বা, কিংবা, কিন্তু, অথচ, সেজন্য, ফলে ইত্যাদি যোজক যৌগিক বাক্যে ব্যবহৃত হয়। - কমা (,), সেমিকোলন (;), কোলন (:), ড্যাশ (-) ইত্যাদি যতিচিহ্নও যোজকের কাজ করে। যেমন, - হামিদ বই পড়ছে, আর সীমা রান্না করছে। - সে ঘর ঝাড়ু দিল, ঘর মুছল, তারপর পড়তে বসল। - অন্ধকার হয়ে এসেছে - বন্ধুরাও মুখ ভার করে রইল। উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি।

20.‘বাবাকে বড্ড ভয় পাই।’- এখানে ‘বাবাকে’ কোন কারকের উদাহরণ?

a. ক) কর্মকারক

b. খ) অপাদান কারক

c. গ) করণ কারক

d. ঘ) কর্তৃকারক

Show Answer Show Explanation

Explanation: যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন - গাছ থেকে পাতা পড়ে। দুধ থেকে দই হয়। পাপে বিরত হও। অপাদান কারকে বিভিন্ন বিভক্তি ছাড়াও হইতে, হতে, থেকে, দিয়া, দিয়ে ইত্যাদি অনুসর্গ ব্যবহৃত হয়। প্রথমা বা শূন্য বা অ বিভক্তিঃ বোটা-আলগা ফল গাছে থাকে না। দ্বিতীয়া বা কে বিভক্তিঃ বাবাকে বড্ড ভয় পাই। ষষ্ঠী বা এর বিভক্তিঃ যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্য হয়। সপ্তমী বা এ বিভক্তিঃ বিপদে মোরে করিবে ত্রান, এ নহে মোর প্রার্থনা। তিলে তৈল হয়। উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ (নবম - দশম শ্রেণী)।

21.কোন বাক্যে পুরাঘটিত অতীত কালের ক্রিয়া আছে?

a. ক) আমরা গিয়েছি

b. খ) তুমি যেতে থাক

c. গ) সে কি গিয়েছিল

d. ঘ) সেখানে গিয়ে দেখে এসো

Show Answer Show Explanation

Explanation: যে ক্রিয়া অতীতের বহু পূর্বেই সংঘটিত হয়ে গিয়েছে এবং যার পরে আরও কিছু ঘটনা ঘটে গেছে, তার কালকে পুরাঘটিত অতীত কাল বলা হয়। যেমন- কাজটি কি তুমি করেছিলে? সে কি গিয়েছিল? সেবার তাকে সুস্থই দেখেছিলাম ইত্যাদি। উৎস- বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি।

22.কোন বাক্যে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার নেই?

a. তাকে বলতে দাও

b. তুমি বল, আমি শুনি

c. আমরা বাঁচতে চাই

d. সে দেখতে লাগলো

Show Answer Show Explanation

Explanation: উত্তর: তুমি বল, আমি শুনি।

23.'প্রতিশব্দ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?

a. ক) ধ্বনিতত্ত্বে

b. খ) শব্দতত্ত্বে

c. গ) বাক্যতত্ত্বে

d. ঘ) অর্থতত্ত্বে

Show Answer Show Explanation

Explanation: যেহেতু প্রতিশব্দ মূলত অর্থ কেন্দ্রিকে, অর্থ শব্দের অর্থের আলোকে প্রতিশব্দ বা সমার্থক শব্দ নির্ণয় করা হয়। সুতরাং প্রতিশব্দ বা সমার্থক শব্দ অর্থতত্ত্বে আলোচিত হয়।

24.'কারক বিশ্লেষণ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?

a. ক) ধ্বনিতত্ত্বে

b. খ) শব্দতত্ত্বে

c. গ) বাক্যতত্ত্বে

d. ঘ) অর্থতত্ত্বে

Show Answer Show Explanation

Explanation: ক্রিয়াপদের সঙ্গে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কারক বলে। যেহেতু সবগুলো পদ নিয়েই একটা বাক্য এবং কারক নির্ণয় বা বিশ্লেষণে বাক্যের প্রয়োজন, বাক্যের অর্থ-পরিস্থিতি প্রয়োজন তাই কারক বিশ্লেষণ বাক্যতত্ত্বে আলোচিত হওয়া অধিক যুক্তিসংগত। যদিও মাধ্যমিক পুরাতন বইয়ে ও বিভিন্ন গাইডে কারককে শব্দতত্ত্বের আলোচ্য বিষয় হিসেবে দেখানো হয়েছে। অপশনে বাক্যতত্ত্ব না থাকলে শব্দতত্ত্ব উত্তর করতে হবে।

25.কোন শব্দজোড় বিপরীতার্থক নয়?

a. ক) ফাঁপা-নিরেট

b. খ) প্রসাদ-রোষ

c. গ) বিকাশ-নিকাশ

d. ঘ) বিপন্নতা-নিরাপত্তা

Show Answer Show Explanation

Explanation: বিকাশ-নিকাশ শব্দজোড়া বিপরীতার্থক নয়। - বিকাশ এর বিপরীতার্থক শব্দ হচ্ছে বিলয়, বিনাশ।

26.নিম্নের কোন বাক্যটি বচনজনিত দিক থেকে অশুদ্ধ নয়?

a. ক) পাখিরা কিচির মিচির করছে।

b. খ) গ্রন্থগুলো প্রকাশিত হয়েছে।

c. গ) অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।

d. ঘ) সকল সভ্য সভায় উপস্থিত হয়েছে।

Show Answer Show Explanation

Explanation: বচনঘটিত শুদ্ধ বানানের শুদ্ধ রূপ- পাখিসব কিচির মিচির করছে। গ্রন্থসমূহ প্রকাশিত হয়েছে। অন্নাভাবে ঘরে ঘরে হাহাকার।

27.নিচের কোন বাক্যে যৌগিক ক্রিয়া নেই?

a. ক) সময় চলে যায়।

b. খ) তুমি লুকিয়ে থাক।

c. গ) সাইরেন বেজে উঠল।

d. ঘ) আমরা তাজমহল দর্শন করলাম।

Show Answer Show Explanation

Explanation: একটি সমাপিকা ক্রিয়া ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে তবে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন : তুমি চলে যাও। সময় চলে যায়। তুমি বসে পড়। সাইরেন বেজে উঠল।

28.আবেগ শব্দ কত প্রকার?

a. ক) ২

b. খ) ৫

c. গ) ৮

d. ঘ) ১০

Show Answer Show Explanation

Explanation: আবেগ শব্দ আট প্রকার। যথা : ১. বিস্ময়সূচক আবেগ ২. প্রশংসাসূচক আবেগ ৩. বিরক্তিসূচক আবেগ ৪. ভয় ও যন্ত্রণাবাচক আবেগ ৫. করুণাবাচক আবেগ ৬. সিদ্ধান্তসূচক আবগে ৭. সম্বোধনসূচক আবেগ ৮. আলংকারিক আবেগ

29.বাঃ! চমৎকার গান গেয়েছ তো। - কী ধরনের আবেগ?

a. ক) বিস্ময়সূচক আবেগ

b. খ) প্রশংসাসূচক আবেগ

c. গ) বিরক্তিসূচক আবেগ

d. ঘ) ভয় ও যন্ত্রণাবাচক আবেগ

Show Answer Show Explanation

Explanation: যে আবেগ-শব্দ দ্বারা প্রশংসা মনোভাব প্রকাশ পায় তাকে প্রশংসাসূচক আবেগ বলে। যেমন: শাবাশ! দারুণ খেলেছে ছেলের। বাঃ! চমৎকার গান গেয়েছ তো।

30.প্রতিটি বাক্যের অপরিহার্য দুটি অংশ হলো-

a. ক) ক্রিয়া ও বিশেষণ

b. খ) কর্ম ও কর্তা

c. গ) বিশেষ্য ও বিশেষণ

d. ঘ) উদ্দেশ্য ও বিধেয়

Show Answer Show Explanation

Explanation: বাক্যকে উদ্দেশ্য ও বিধেয় - এই দুই অংশে ভাগ করা যায়। উদ্দেশ্য: বাক্যে যাকে উদ্দেশ্য কিছু বলা হয়, তাকে উদ্দেশ্য বলে। যেমন- 'মামুন বল খেলে।' এই বাক্যে মামুনকে উদ্দেশ্য করে বলা হচ্ছে। অতএব 'মামুন' বাক্যটির

উদ্দেশ্য। বিধেয়: বাক্যে উদ্দেশ্য সম্পর্কে যা বলা হয়, তাকে বিধেয় বলে। বিধেয় অংশে সাধারণত ক্রিয়া থাকে। যেমন - 'মামুন বল খেলে।' এখানে 'বল খেলে' অংশটি বাক্যের বিধেয়।

About
BPSC Link
Privacy Policy
Terms & Conditions
Refund Policy

Helpline: 01329672052

© 2024 P2A All rights reserved